শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

জেলা পরিষদ কার্যালয়
লালমনিরহাট।
www.zplalmonirhat.org

## দরপত্রের মাধ্যমে খেয়াঘাট ইজারা প্রদানের ঘোষনা পত্র
## (১৪৩১) বঙ্গাব্দ

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে,নিম্নলিখিত শর্ত ও নিয়মানুসারে এ জেলা পরিষদের অধীন খেয়াঘাটসমূহ ০১ বৈশাখ ১৪৩১ বাংলা হতে ৩০ শে চৈত্র ১৪৩১ পর্যন্ত বাংলা সনের জন্য ইজারা দেয়ার জন্য আগ্রহী ব্যক্তিবর্গের নিকট হতে প্রত্যেকটি ঘাটের জন্য পৃথক পৃথক ভাবে এ জেলা পরিষদের নির্ধারিত সিডিউলে সীলমোহরযুক্ত দরপত্র আহবান করা যাচ্ছে । প্রত্যেক ঘাটের সিডিউল নিম্নলিখিত দফা অনুযায়ী বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত অফিস চলাকালীন সময়ে ১ম শ্রেণীর ঘাটের জন্য ৫০০/-(পাঁচশত) টাকা এবং ২য় ও ৩য় শ্রেণীর ঘাটের জন্য ৩০০/-(তিনশত) টাকা (অফেরতযোগ্য) মূল্যে ক্রয় করা যাবে । দফাওয়ারী তারিখ অনুযায়ী গৃহীত দরপত্র নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে দরপত্র দাতাগণের/ তাদের নিযুক্ত প্রতিনিধির উপস্থিতিতে(যদি কেহ উপস্থিত থাকেন) বিকাল ৩.০০ ঘটিকার সময় খোলা হবে । উল্লেখ্য ১ম দফা ডাকের মাধ্যমে অগ্রহণযোগ্য ডাকের খেয়াঘাটগুলো ২য় দফায় এবং ২য় দফায় অগ্রহণযোগ্য ডাকের খেয়াঘাটগুলো ৩য় দফায় ডাক অনুষ্ঠিত হবে ।

ঃ দফাওয়ারী ডাকের তারিখ সহ বিবরণ ঃ

| ক্রমিক নং | ডাকের দফা | দরপত্র সিডিউল বিক্রয়ের স্থান | দরপত্র সিডিউল দাখিলের স্থান | সিডিউল বিক্রয়ের শেষ তারিখ | দরপত্র বাক্সে দরপত্র গ্রহনের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১। | ১ম দফা ডাক | জেলা প্রশাসকের কার্যালয়/জেলা পরিষদ/জেলার সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, লালমনিরহাট | জেলা প্রশাসকের কার্যালয়/জেলা পরিষদ/জেলার সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, লালমনিরহাট | ১৩/৩/২০২৪ | ১৪/৩/২০২৪ বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত | ১৪/৩/২০২৪ বিকাল ৩.০০ ঘটিকা |
| ২। | ২য় দফা ডাক | জেলা প্রশাসকের কার্যালয়/ জেলা পরিষদ লালমনিরহাট | জেলা প্রশাসকের কার্যালয়/জেলা পরিষদ লালমনিরহাট | ১৯/৩/২০২৪ | ২০/৩/২০২৪ বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত | ২০/৩/২০২৪ বিকাল ৩.০০ ঘটিকা |
| ৩। | ৩য় দফা ডাক | জেলা প্রশাসকের কার্যালয়/ জেলা পরিষদ লালমনিরহাট | জেলা প্রশাসকের কার্যালয়/ জেলা পরিষদ লালমনিরহাট | ২৭/৩/২০২৪ | ২৮/৩/২০২৪ বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত | ২৮/৩/২০২৪ বিকাল ৩.০০ ঘটিকা |

১। প্রতিটি দরপত্রের সাথে উদ্ধৃত ইজারা মূল্যের শতকরা ১০০% হারে যে কোন তপশীলি ব্যাংকের ব্যাংক ড্রাফট প্রধান নির্বাহী কর্মকর্তা,জেলা পরিষদ,লালমনিরহাট এর অনুকুলে সংযুক্ত করতে হবে। উদ্ধৃত মূল্যের ১০% আয়কর ও ১৫% ভ্যাট বিডি আকারে দরপত্রের সাথে জমা দিতে হবে । অন্যথায় দাখিলকৃত দরপত্র বাতিল বলে গণ্য হবে ।

২। দরপত্রের উদ্ধৃত দর অংকে ও কথায় পরিস্কার ভাবে লিখতে হবে । দরপত্রে কোন প্রকার কাটাকাটি/ঘষামাজা গ্রহণযোগ্য হবেনা । সীলমোহরযুক্ত দরপত্র খামের উপরিভাগে সংশ্লিষ্ট ঘাটের নাম লিখতে হবে ।

৩। সর্বোচ্চ দর দাতার দর কর্তৃপক্ষের মতে যথোপযুক্ত না হলে কর্তৃপক্ষ সর্বোচ্চ দর গ্রহণ করতে বাধ্য নহেন । প্রয়োজনবোধে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ/স্থগিত রেখে বাজার যাচাই এর জন্য কোন ঘাটের প্রাপ্ত সর্বোচ্চ দর ন্যূনতম কম হলে কর্তৃপক্ষ প্রাপ্ত সর্বোচ্চ ব্যাংক ড্রাফট পরবর্তী টেন্ডার পর্যন্ত সংরক্ষণ করে পুণঃদরপত্র আহবান করার ক্ষমতা সংরক্ষণ করেন ।

৪। নির্ধারিত তারিখের পর কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবেনা ।

৫। শুস্ক মৌসুমে নদীর পানি কমে গেলে বা নদীর গতিপথ পরিবর্তনের কারণে খেয়াঘাট/ফেরীঘাটের যাত্রী,মালামাল ও যানবাহন পারাপারের সুবিধার্থে কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে খেয়াঘাট স্থানান্তর করা যাবে । এ বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

৬। যার দরপত্র অনুমোদিত হবে তাকে পত্র প্রাপ্তির ৭(সাত) দিনের মধ্যে ৩০০/-(তিন শত) টাকার ননজুডিশিয়াল ষ্ট্যাম্পে জেলা পরিষদ বরাবরে চুক্তি সম্পাদন করে সংশ্লিষ্ট ঘাটের দখল নামা গ্রহণ করতে হবে, অন্যথায় জমাকৃত টাকা বাজেয়াপ্ত করে ঘাট পুনরায় ইজারা দেওয়া হবে ।

অপর পাতা

ZP/2-Microsoft Word/1634

CamScanner

৭। ১ম ও ২য় শ্রেণীর ঘাটে যানবাহন পারাপারের জন্য অন্ততঃ ১৫০ মন ওজন বহনের উপযুক্ত নৌকার সংযুক্ত মাড়ের অন্ততঃ ২খান মাড় এবং লোক পারাপার করার জন্য অন্ততঃ ১০০ মনি নৌকার ২খান নৌকা এবং পারাপারের সময় প্রত্যেক মাড়ে ৫জন ও প্রত্যেক নৌকায় ৪জন দাড়ি মাঝি রাখতে হবে,প্রত্যেক মাড়ে সাধারণতঃ ন্যূনতম ৪খান মোটরসাইকেল ও ৩০০ মণ ওজনের মাল ও প্রত্যেক নৌকা সাধারণ ৩০ জন আরোহী নিয়ে যেতে পারবে । তৃতীয় শ্রেণীর লোক পারাপার করার জন্য ২টি নৌকা প্রত্যেক খানি অন্ততঃ ২০ মন নৌকার একখানি নৌকা ও পারাপারের সময় প্রত্যেক নৌকায় ৩জন দাড়ি মাঝি রাখতে হবে । প্রত্যেক মাড়ে সাধারণত ন্যূনতম ২ খান মোটরসাইকেল ও ২০ মণ ওজনের মাল ও প্রত্যেক নৌকায় সাধারণত ১০জন আরোহী নিয়ে যেতে পারবে । কিন্তু উক্ত দফার নির্ধারণ অনুযায়ী খেয়া নৌকা যে পরিমাণ মাল বোঝাই করলে লাইনের দাগ পর্যন্ত উঠে তার অধিক রাখতে হবে । ঘাট চলাচলের অযোগ্য হয়ে পড়লে পারাপারের জন্য নিজ ব্যয়ে সংযোগ সাঁকো তৈরী করে দিতে হবে ।

৮। উল্লেখ্য যে,কেবল মূলঘাটের নামে দরপত্র দাখিল করতে হবে। মূল ঘাটের ক্রমিকভূক্ত ছোট ছোট ২য় ও তৃতীয় শ্রেণীর ঘাটগুলো মূলঘাটের অন্তর্ভূক্ত বলে গণ্য হবে ।

৯। নামার স্থান বা খেয়ার উভয় পারে পথিকের বিশ্রামের ঘর ইজাদারকে নিজ খরচে তৈরী করতে হবে ও ভালো অবস্থায় রাখতে হবে ।

১০। ১ম শ্রেণীর খেয়াঘাটে প্রত্যেকদিন কমপক্ষে ৩০ বার, ২য় শ্রেণীর ঘাটে বর্ষাকালে কমপক্ষে ৩৫ বার,গ্রীষ্মকালে প্রত্যেকদিন কমপক্ষে ৫০ বার এবং ৩য় শ্রেণীর ঘাটে যখন আবশ্যক তখন পারাপার করতে হবে ।

১১। অকারণে দরপত্র দাখিল করে সরে পড়লে বা নির্দিষ্ট সময়ে চুক্তি সম্পাদন না করলে সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে ও দাখিলকৃত ব্যাংক ড্রাফট জেলা পরিষদের অনুকূলে বাজেয়াপ্ত হবে।

১২। জেলা পরিষদের প্রচারিত নিরিখনামার টেবিল অনুসারে মাশুল আদায় করতে হবে এবং টেবিল সম্বলিত ফরম নিজ খরচে সংগ্রহ করে (৩x২x ১/২) খেয়াঘাটের কোন এক পাড়ে প্রকাশ্য স্থানে ইজাদারকে লটকায়ে রাখতে হবে ।

১৩। জেলা পরিষদের কর্মকর্তা/কর্মচারীগণের অথবা সরকারি কর্মকর্তা/কর্মচারীগণের কার্য উপলক্ষে যাতায়াতের জন্য কোনরুপ মাশুল আদায় করতে পারবেনা । স্কুল,কলেজের ছাত্র/ছাত্রীদের পারাপারের জন্য কোনরুপ মাশুল আদায় করতে পারবেনা ।

১৪। কোন ঘাট সম্পর্কে কোন বিজ্ঞ আদালতের কোনরুপ আদেশ/নিষেধাজ্ঞা দৃষ্টি গোচরীভূত হলে এ বিষয়ে বিধিমতে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে।

১৫। নির্ধারিত সরকারী ইজারা মূল্যের কম মূল্য উদ্ধৃত হলে তা গ্রহণ করা হবেনা ।

১৬। যে কোন/সকল দরপত্র গ্রহণ/বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন ।

১৭। বিস্তারিত তথ্যা নিম্নস্বাক্ষরকারীর দপ্তর হতে অফিস চলাকালীন সময়ে জানা যাবে ।

এতদসহ খেয়াঘাটের তালিকা দেওয়া হলো ।

২২/০২/২৪

(মোছাঃ আফরোজা খাতুন)
প্রধান নির্বাহী কর্মকর্তা(ভা.)
জেলা পরিষদ,লালমনিরহাট ।

অপর পাতা



CamScanner

স্মারক নং-জেপ/লাল/২০২৪/৩১৫(২৫০)

তারিখ : ০৯/১১/১৪৩০ বঙ্গাব্দ
২২/০২/২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ-

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৩। চেয়ারম্যান, জেলা পরিষদ, লালমনিরহাট।
৪। জেলা প্রশাসক, লালমনিরহাট/কুড়িগ্রাম/গাইবান্ধা/রংপুর/নীলফামারী।

অনুলিপি সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের নিমিত্তে অনুরোধ সহ প্রেরিত হলো ঃ

১। পুলিশ সুপার, লালমনিরহাট।
২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর/আদিতমারী/কালীগঞ্জ/হাতীবান্ধা/পাটগ্রাম।
৩। মেয়র, পৌরসভা, লালমনিরহাট/পাটগ্রাম/কুড়িগ্রাম/গাইবান্ধা/রংপুর/নীলফামারী।
৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), লালমনিরহাট।
৫। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ/গণপূর্ত, লালমনিরহাট।
৬। উপজেলা নির্বাহী অফিসার, লালমনিরহাট সদর/আদিতমারী/কালীগঞ্জ/হাতীবান্ধা/পাটগ্রাম।
৭। সহকারী কমিশনার (ভূমি) সকল উপজেলা, লালমনিরহাট।
৮। সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, লালমনিরহাট।
৯। চেয়ারম্যান,--------------------------ইউনিয়ন পরিষদ, উপজেলা---------------, লালমনিরহাট।
১০। দারোয়ান কাম-কেয়ারটেকার, সদর/আদিতমারী/কাকিনা/হাতীবান্ধা/পাটগ্রাম ডাকবাংলোকে স্থানীয় হাট/বাজারে ঢোল সহরতের মাধ্যমে বহুল প্রচার করার জন্য অনুরোধ করা হলো।
১১। সমস্ত খেয়াঘাটের ইজারাদারগণ, লালমনিরহাট।
১২। সম্পাদক---------------------------------পত্রিকা, জেলা শাখা, লালমনিরহাট।
১৩। জনাব,----------------------------------------------------------------------

22/02/24

(মোছাঃ আফরোজা খাতুন)
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভা.)
জেলা পরিষদ, লালমনিরহাট।
ফোন-০২৫৮৯৯৮৬৮৩৪

অপর পাতা

## খেয়াঘাটের তালিকা ঃ



| ক্রমিক নং | | খেয়াঘাটের নাম | শ্রেণী | নদীর নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| সদর উপজেলা | | | | | |
| ১. | | চিন্না চিল্লা ঘাট | ১ম | তিস্তা নদী | |
| ২. | (ক) | কালীদহ লট ঘাট | ঐ | ঐ | প্রতিটি লট আলাদা ভাবে দরপত্র দাখিল করা যাবে । |
| | (খ) | খলাই ঘাট | ঐ | ঐ | |
| | (গ) | হরহরিয়ার ঘাট | ঐ | সতী তিস্তা নদী | |
| | (ঘ) | কালারপাড়া ঘাট | ঐ | ঐ | |
| ৩. | | ভূতনাথ ঘাট | ঐ | ঐ | |
| ৪. | | মোগলহাট ঘাট | ১ম | ধরলা নদী | |
| ৫. | | ভূমকা ঘাট | ঐ | ঐ | |
| ৬. | | বোয়ালমারী/ধর্মপাল লট ঘাট | ১ম | ধরলা নদী | |
| কালীগঞ্জ উপজেলা | | | | | |
| ৭. | | শ্রীরাম শৌলমারী ও গোবিন্দপুর পাঠানপাড়া (ভোটমারী) | ১ম | তিস্তা নদী | |
| | | | | | |
| হাতীবান্ধা উপজেলা | | | | | |
| | | | | | |
| ৮. | | দিনহাট সিন্দুর্ণা ঘাট | ১ম | তিস্তা নদী | |
| ৯. | | পারুলিয়া লট ঘাট | ঐ | ঐ | |
| | | রাধাপাড়া ঘাট | ঐ | ঐ | |
| | | সাতনালা ফারী ঘাট | ঐ | ঐ | |
| ১০. | | ধুবনী ঘাট | ঐ | ঐ | |
| পাটগ্রাম উপজেলা | | | | | |
| ১১. | | রামকান্ত গুরু পাড়া ঘাট | ঐ | ধরলা নদী | |

22/02/25

(মোছাঃ আফরোজা খাতুন)
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভা.)
জেলা পরিষদ, লালমনিরহাট

ZP/2-Microsoft Word/1637

CamScanner